গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
"উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্প"
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
igaprojectbd@gmail.com

"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

নং- ৩২.০১.০০০০.০৪৭.২৯.০৬৫.১৮-২৩১

তারিখ: ২২ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

## প্রশিক্ষণার্থীর ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ" শীর্ষক প্রকল্পের অধীনে ৮ টি বিভাগীয় শহর (রাজশাহী বিভাগের পাবনা জেলায়), ৬৪টি জেলা ও ৪৩১ টি উপজেলায় নিম্ন বর্ণিত ট্রেডে দরিদ্র, সুবিধা বঞ্চিত (১৬-৪৫ বছর) মহিলাদের বিনামূল্যে আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী মহিলাদের নিকট থেকে প্রশিক্ষণের জন্য **Online**-এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ-

| ট্রেডের নাম | প্রশিক্ষণের স্থান | প্রশিক্ষণের মেয়াদ | আসন সংখ্যা | বয়স সীমা | যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১। ফ্যাশন ডিজাইন<br>২। বিউটিফিকেশন<br>৩। ক্রিস্টাল শোপিচ ও ডেকোরেটেড কেন্ডেল মেকিং (মোমবাতি)<br>৪। মাশরুম চাষ, ভার্মি কম্পোষ্ট ও মৌচাষ<br>৫। শতরঞ্জি ও হস্তশিল্প<br>৬। ফুড প্রসেসিং<br>৭। বেবি কেয়ার ও হাউজকিপিং | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় (৪৩১টি) | ৩ মাস মেয়াদী ৬০ কর্মদিবস ব্যাপী | প্রতি উপজেলায় ২টি ট্রেড<br>প্রতি ট্রেডে ২৫ জন করে সর্বমোট (২৫জন X ২ ট্রেড) = ৫০ জন।<br>**(উপজেলা ওয়ারী প্রশিক্ষণ ট্রেডের তালিকা ওয়েবসাইটে পাওয়া যাবে)** | ১৬-৪৫ বৎসর | দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারী<br>**(ইতিপূর্বে সংশ্লিষ্ট প্রকল্প হতে প্রশিক্ষণ প্রাপ্ত কোন প্রার্থী আবেদন করতে পারবেন না)** |
| ৮। কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং এন্ড মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারি<br>৯। কম্পিউটার অ্যাপ্লিকেশন প্রোগ্রাম | উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর (৬৪টি জেলা) | | প্রতি ব্যাচে ৩০ জন | | |
| ১০। মটর ড্রাইভিং | ৭টি বিভাগীয় শহরে এবং রাজশাহী বিভাগের পাবনা জেলার বিআরটিসি'র প্রশিক্ষণ কেন্দ্র | | প্রতি ব্যাচে ৩০ জন | ২১-৪৫ বৎসর | **১। ন্যূনতম এসএসসি পাশ হতে হবে।<br>২। মানসিক ও শারীরিকভাবে সুস্থ হতে হবে।** |

**নিম্ন বর্ণিত শর্তাবলী ও নিয়মাবলী আবেদন ফরম পূরণ এবং প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

০১। প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীকে আইজিএ প্রকল্পের **ওয়েবসাইট (iga.dwa.gov.bd)** এর মাধ্যমে কেবলমাত্র অনলাইনে প্রশিক্ষণে ভর্তির আবেদন করতে হবে। Online-এ আবেদনের নিয়মাবলী ওয়েবসাইটে দেয়া আছে। আবেদনের জন্য কোন ফি জমা দিতে হবে না। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

**(ক) Online - এ আবেদনপত্র পূরণের তারিখ ও সময়ঃ ০৮/১১/২০২২ খ্রি: সকাল -০৯.০০ টা হতে ১৩/১১/২০২২ খ্রি: রাত-১২.০০ টা। উল্লেখ্য, এই সময়ের মধ্যেই পূরণকৃত আবেদনপত্রের PDF কপি আবশ্যিক ভাবে ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে।**

**(খ) বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে (যাহার জন্য যা প্রযোজ্য) আবেদনপত্রের প্রিন্ট কপি জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ১৪/১১/২০২২খ্রি: বিকাল-৩.০০ টা।**

**(গ) বিজ্ঞপ্তিতে বর্ণিত আসন সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা ট্রেড বাতিল/ সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।**

**(ঘ) আগ্রহী মহিলা প্রশিক্ষণার্থীগণ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, তথ্য আপা প্রকল্প অফিস, ইউনিয়ন ডিজিটাল কেন্দ্র অথবা নিজে নিজে অনলাইনে আবেদন করতে পারবেন।**

**(ঙ) এছাড়াও প্রশিক্ষণার্থী ভর্তি সংক্রান্ত অন্যান্য শর্তাবলি প্রকল্পের ওয়েবসাইব- (iga.dwa.gov.bd) তে পাওয়া যাবে।**

**(মোঃ তরিকুল আলম)**
অতিরিক্ত সচিব
ও
প্রকল্প পরিচালক

**জরুরী প্রয়োজনে যোগাযোগ- ০২-৫৫১৩৮৩২৮, ০১৭১৪-২২৭০৫৮**

F:\Asad\Iga Letter\Trainess Advertisement

শেখ হাসিনার বারতা

নারী-পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড,ঢাকা
উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ
প্রকল্প
http://www.dwa.gov.bd

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০০.১৬.০১৬.১৭-২৪৩ তারিখ: ২২ কার্তিক ১৪২৯
০৭ নভেম্বর ২০২২

বিষয়: **উপজেলা পর্যায়ে চলমান ১৭তম ব্যাচের পাশাপাশি ১৮তম ব্যাচের প্রশিক্ষন কার্যক্রম শুরু করা প্রসঙ্গে।**

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ" ২য় সংশোধিত প্রকল্পের জুলাই-২০২২ হতে সেপ্টেম্বর-২০২২ সেশনের সাময়িকভাবে স্থগিতকৃত ১৭তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম পূর্বের কর্মদিবস সমূহ বহাল রেখে গত ০৩/১১/২০২২খ্রি. তারিখ হতে শুরু করা হয়েছে।

০২। উক্ত ১৭তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম সকাল শিফটে এবং আাগামী ১৫ নভেম্বর ২০২২ খ্রি. তারিখ হতে ১৮তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম বিকাল শিফটে (শুক্রবার ও শনিবারসহ) শুরু করার জন্য অনুরোধ করা হলো।

০৩। এমতাবস্থায়, ১৮তম ব্যাচের জন্য আগামী ০৮/১১/২০২২ খ্রি. সকাল ০৯:০০ টাকা থেকে ১৩/১১/২০২২খ্রি. তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত প্রকল্পের প্রশিক্ষণার্থী ভর্তি সংক্রান্ত ওয়েব সাইট: http://iga.dwa.gov.bd খোলা থাকবে। নির্ধারিত সময়ের মধ্যেআগ্রহী প্রশিক্ষণার্থীদের অনলাইনে আবেদন গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, প্রকল্প কার্যালয় থেকে ০৮/১১/২০২২ খ্রি. তারিখের দৈনিক আমাদের নতুন সময় ও বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় প্রশিক্ষণার্থী ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে (উপজেলা থেকে আলাদা ভাবে কোন পত্রিকায় বিজ্ঞপ্তি দেওয়ার প্রয়োজন নেই)

**বি:দ্র:** যেসকল উপজেলায় চলমান সময়ে প্রকল্পের নিয়োগপ্রাপ্ত প্রশিক্ষক মাতৃত্বকালীন ছুটিতে রয়েছেন এবং যেসকল উপজেলায় বিকল্প প্রশিক্ষক প্রদান করা সম্ভব হয়নি সেই সকল উপজেলার সংশ্লিষ্ট ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম সাময়িক ভাবে স্থগিত রাখার জন্য অনুরোধ করা হলো।

৭-১১-২০২২
মোঃ তরিকুল আলম
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫১৩৮১২৭
ইমেইল: igaprojectbd@gmail.com

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল) (প্রশিক্ষণার্থী ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি তার কার্যালয়ের নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড ও উপজেলা চেয়ারম্যান এর কার্যালয়ের নোটিশ বোর্ডে দেওয়ার জন্য অনুরোধ করা হলো)।

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০০.১৬.০১৬.১৭-২৪৩/১(১৮৪) তারিখ: ২২ কার্তিক ১৪২৯
০৭ নভেম্বর ২০২২

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
২) উপপরিচালক (সকল) জেলা পর্যায়
৩) মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর

৭-১১-২০২২